

ইউআইইউতে স্প্রিং ২০২৩ শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত

প্রেস রিলিজ

৪ ফেব্রুয়ারি ২০২৩ ০৬:৪০ পিএম | আপডেট: ৪ ফেব্রুয়ারি

২০২৩ ০৬:৪০ পিএম



advertisement

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ইউআইইউ) স্প্রিং ২০২৩ এর আন্তর্গত গ্রাজুয়েট ও পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামে নতুন ভর্তি হওয়া নবাগত শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান গতকাল (০৩ ফেব্রুয়ারি ২০২৩) শুক্রবার বিকাল ৩:০০ টায় ইউআইইউ খেলার মাঠে অনুষ্ঠিত হয়।

স্কুল অব বিজনেজ অ্যান্ড ইকোনমিকস, স্কুল অব সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং স্কুল অব হিউম্যানিটিস অ্যান্ড সোস্যাল সায়েন্সের সদ্য ভর্তি হওয়া শিক্ষার্থীরা এতে অংশ নেন। নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ আবুল কাশেম মিয়া। অনুষ্ঠানে ইউআইইউ'র উপর একটি প্রেজেন্টেশন প্রদান করেন ইউআইইউ সিএসই বিভাগের অধ্যাপক এবং ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অ্যান্ড কো-অপারেশন সেন্টারের পরিচালক প্রফেসর ড. এ. কে. এম. মুজাহিদুল ইসলাম।

advertisement

প্রধান অতিথি তাঁর বক্তৃতায় - শিক্ষার্থীদের ক্লাসে মনোযোগী হওয়া এবং নিজেকে সফল ও বিশ্বমানের দক্ষ মানব সম্পদ হিসাবে গড়ে উঠার ক্ষেত্রে নানামুখী দক্ষতা অর্জনের দিকে বিশেষ নজর দেওয়ার আহ্বান জানান।

advertisement 4

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ডা. জুলফিকার রহমান বিশ্ববিদ্যালয়ের একাডেমিক নিয়মাবলী তুলে ধরেন। অন্যান্যদের মধ্যে ইউআইইউ'র দুইজন প্রাক্তন শিক্ষার্থী এবং দুইজন নবাগত শিক্ষার্থী বক্তব্য প্রদান করেন।

নবীনবরণ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার (ভারপ্রাপ্ত) অধ্যাপক এ.এস.এম সালাহউদ্দিন, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান ও পরিচালকসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও অবিভাবকবৃন্দ।